# সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৬০

২৪/ হজ্জের নিয়ম পদ্ধতি (كتاب مناسك الحج)

পরিচ্ছেদঃ ২১৭. কংকর তুলে নেওয়া

## بَاب الْتِقَاطِ الْحَصَى

আরবী

أَخْبَرَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ قَالَ حَدَّثَنَا ابْنُ عُلَيَّةَ قَالَ حَدَّثَنَا عَوْفٌ قَالَ حَدَّثَنَا زِيَادُ بْنُ حُصَيْنٍ عَنْ أَبِي الْعَالِيَةِ قَالَ قَالَ ابْنُ عَبَّاسٍ قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ غَدَاةَ الْعَقَبَةِ وَهُوَ عَلَى رَاحِلَتِهِ هَاتِ الْقُطْ لِي فَلَقَطْتُ لَهُ حَصَيَاتٍ هُنَّ حَصَى الْخَذْفِ فَلَمَّا وَضَعْتُهُنَّ فِي يَدِهِ قَالَ بِأَمْثَالِ هَؤُلَاءِ وَإِيَّاكُمْ وَالْغُلُوَّ فِي الدِّينِ فَإِنَّمَا أَهْلَكَ مَنْ كَانَ قَبْلَكُمْ الْغُلُوُّ فِي الدِّينِ

বাংলা

৩০৬০. ইয়াকূব ইবন ইবরাহীম দাওরাকী (রহঃ) ... আবুল আলিয়া (রহঃ) থেকে বর্ণিত। ইবন আব্বাস(রাঃ) বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আকবার সকালে তার সওয়ারীতে উপবিষ্ট থেকে আমাকে বলেনঃ এসো, আমার জন্য কংকর কুড়িয়ে নাও। এরপর আমি তার জন্য কয়েক টুকরো কংকর তুলে নেই, যেগুলি ছিল দুই আংগুলে তুলে নেওয়ার মত। যখন আমি সেগুলো তাঁর হাতে দিলাম তখন তিনি বললেনঃ এগুলোর মত কংকর নিক্ষেপ করবে। সাবধান, ধর্মের ব্যাপারে বাড়াবাড়ি করো না, কেননা তোমাদের পূর্বে যারা ছিল, তারা ধর্মের ব্যাপারে বাড়াবাড়ি করে ধ্বংস হয়েছে।

## English

It was narrated that Abu Al-Aliyah said:
"Ibn Abbas said: "On the morning of Al-Aqabah, while he was on his mount, the Messenger of Allah said to me: "Pick up (some pebbles) for me." So I picked up some pebbles for him that were the size of date stones or fingertips, and when I placed them in his hand he said: "Like these. And beware of going to extremes in religious matters, for those who came before you were destroyed because of going to extremes in religious matters."

## ফুটনোট

তাহক্বীকঃ সহীহ। ইবন মাজাহ ৩০২৯, তাখরীজুস সুন্নাহ লি-ইবন আবী আসিম ৯৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবুল আলীয়া (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=77089

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন